

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং- ৩৯.০০.০০০০.০৯.০৬.৭৯.২০১৭/ MEDI-S-249/

তারিখ: ০৬/১১/২০১৭

প্রেরক: ড. মো: গোলাম মোস্তফা
উপসচিব
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

প্রাপক: প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
সেগুনবাগিচা, ঢাকা

মহোদয়,

নির্দেশক্রমে বিজ্ঞান প্রযুক্তি মন্ত্রণালয়ের বিজ্ঞান ও প্রযুক্তি গবেষণা মঞ্জুরি খাত হতে গবেষণা প্রকল্প “Detection of viral respiratory pathogen among the patients with lower respiratory tract infections at critical care unit of a tertiary care hospital of Bangladesh” বাস্তবায়নের জন্য ৭,০০,০০০/- (সাত লক্ষ) টাকা হতে ১ম-২য় কিস্তি বাবদ (৭,০০,০০০x৫০%)= ৩,৫০,০০০/- (তিন লক্ষ পঞ্চাশ হাজার) টাকা অবমুক্তির সরকারি অনুদান মঞ্জুরি জ্ঞাপন করছি।

২। এই ব্যয় বর্তমান অর্থ বছরের (২০১৭-২০১৮) মঞ্জুরি নং-২৩ বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের অনুকূলে বরাদ্দকৃত “বিজ্ঞান ও প্রযুক্তি কর্মসূচী” “অর্থনৈতিক কোডঃ ৩-২৬০১-৩৯৯৩-৫৯০১” খাতের মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত বিভাজনের উপখাত- ১ হতে সঞ্জুলান করা হবে।

৩। অনুদানের চেক Project Director (Principal Investigator), “Detection of viral respiratory pathogen among the patients with lower respiratory tract infections at critical care unit of a tertiary care hospital of Bangladesh” শীর্ষক প্রকল্পের অনুকূলে ইস্যু হবে।

শর্তাবলী:

(ক) প্রাপ্ত চেকের অর্থের বিষয়ে বাস্তবায়নকারী সংস্থা/বিভাগ/প্রতিষ্ঠান/বিশ্ববিদ্যালয়কে আলাদা একটি যৌথ চলতি হিসাব সংরক্ষণ করতে হবে। প্রকল্প বাস্তবায়ন সম্পর্কিত সকল লেনদেন বাংলাদেশ ব্যাংকের তালিকাভুক্ত ব্যাংকের মাধ্যমে হতে হবে। প্রকল্প পরিচালক (প্রিন্সিপাল ইনভেস্টিগেটর) ও সংস্থা/বিভাগ/প্রতিষ্ঠানের যৌথ স্বাক্ষরে ব্যাংক একাউন্ট পরিচালনা করতে হবে। কিন্তু যে ক্ষেত্রে প্রকল্প পরিচালক (প্রিন্সিপাল ইনভেস্টিগেটর) নিজেই সংস্থা/বিভাগ/প্রতিষ্ঠানের প্রধান সেক্ষেত্রে প্রকল্প পরিচালক (প্রিন্সিপাল ইনভেস্টিগেটর) ও এসোসিয়েট ইনভেস্টিগেটর-এর যৌথ স্বাক্ষরে একাউন্ট পরিচালনা করতে হবে। চেক প্রাপ্তির ১৫ (পনের) দিনের মধ্যে এই মন্ত্রণালয়কে Bank Statement-এর মাধ্যমে চেক ব্যাংকে জমা হয়েছে মর্মে নিশ্চিত করতে হবে। বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের বিজ্ঞান ও প্রযুক্তি গবেষণা মঞ্জুরি খাত থেকে প্রাপ্ত অর্থ গবেষণা কাজে খরচ করতে হবে।

(খ) প্রকল্প পরিচালক (প্রিন্সিপাল ইনভেস্টিগেটর) (ক) বার্ষিক ভিত্তিতে বাস্তবায়ন (বাস্তব/অর্থনৈতিক/ কারিগরী) অগ্রগতি মন্ত্রণালয়ে প্রেরণ করবেন এবং অর্থ বছর শেষে অর্থের হিসাব দাখিল করবেন (খ) মন্ত্রণালয় কর্তৃক গঠিতঃ (১) ভিজিলাস টিম (২) টেকনিক্যাল মনিটরিং টিম এবং (৩) টেকনিক্যাল ইভ্যালুয়েশন টিমকে প্রকল্প চলাকালীন যে কোন সময়ে এবং প্রয়োজ্য ক্ষেত্রে প্রকল্প সমাপনান্তে প্রকল্পের বাস্তব/অর্থনৈতিক অগ্রগতি প্রদর্শন করতে হবে।

(গ) সরকারি অর্থের যথাযথ ব্যয় নিশ্চিত এবং সরকারি অডিট এর প্রয়োজনে ক্যাশ বহি, চেক রেজিস্ট্রার, ষ্টক রেজিস্ট্রার ইত্যাদি সংরক্ষণ করতে হবে।

(ঘ) অনুদান প্রদানের জন্য মনোনীত প্রকল্প পরিচালক (প্রিন্সিপাল ইনভেস্টিগেটর)-কে (দাখিলকৃত প্রকল্পে প্রদত্ত অনুরূপ স্বাক্ষরসহ) বিভাগীয় প্রধান/ প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রতিস্বাক্ষরকৃত টি.আর ফরম ৩২ (বিল ফরম), ১০(দশ) টাকার রেভিনিউ স্ট্যাম্প ও নমুনা স্বাক্ষর ফরম পূরণ করে চার সেট প্রদান করতে হবে। এছাড়াও টি.আর ফরম ৩২ (বিল ফরম)-এ জাতীয় পরিচয়পত্র নম্বর, মোবাইল নম্বর ও TIN নম্বর (যদি থাকে) অবশ্যই উল্লেখ করতে হবে।

(ঙ) নীতিমালায় বর্ণিত অঞ্জীকারনামা মোতাবেক ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প প্রকল্প পরিচালক (প্রিন্সিপাল ইনভেস্টিগেটর)-কে অঞ্জীকারনামা প্রদান করতে হবে।

(চ) প্রকল্প পরিচালক (প্রিন্সিপাল ইনভেস্টিগেটর) ও এসোসিয়েট ইনভেস্টিগেটর এর সাম্প্রতিক সময়ের ৪(চার) কপি ছবি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে প্রদান করতে হবে।

(ছ) বে-সরকারি সংস্থার ক্ষেত্রে সংস্থা প্রধানেরও সাম্প্রতিক সময়ের ৪(চার) কপি ছবি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে প্রদান করতে হবে।

(জ) অব্যয়িত অর্থ ৩০শে জুন/২০১৮ তারিখের মধ্যে অবশ্যই সমর্পণ করতে হবে।

(ঝ) উপসচিব, অধিশাখা-৯ কর্তৃক প্রতীক্ষাক্রমিত বিল উপস্থাপনের মাধ্যমে “Detection of viral respiratory pathogen among the patients with lower respiratory tract infections at critical care unit of a tertiary care hospital of Bangladesh” শীর্ষক প্রকল্পের প্রকল্প পরিচালক এ অর্থ উত্তোলন করতে পারবেন।

(ঞ) অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের ১৬ আগস্ট ২০১৫ ইং তারিখের ০৭.০০.০০০০.১৫১.২২. ০০৩.১৫-৩৫১ (১) এবং ১১ জানুয়ারি ২০১৭ এর ০৭.০০.০০০০.১৫১.২২.০০৩.১৫-৬৫৪ সংখ্যক সরকারি আদেশে প্রদত্ত ক্ষমতা বলে এ আদেশ জারি করা হলো।

(ট) এই অর্থ ব্যয়ে যাবতীয় আর্থিক বিধিবিধান যথাযথভাবে পালন করতে হবে এবং ব্যয়ের ক্ষেত্রে স্বচ্ছতা নিশ্চিত করতে হবে। ইহা ব্যতীত প্রকল্প বাস্তবায়নে প্রকল্প সংশ্লিষ্ট সংশোধিত নীতিমালা মার্চ/২০১২ এ উল্লিখিত যাবতীয় শর্তাদি পালন করতে হবে।

আপনার বিশ্বস্ত,

ড. মো: গোলাম মোস্তফা
উপসচিব
ফোনঃ ৯৫৭৬৫৩৯

বিতরণ:

১। Dr. Md. Shamim Ahmed, Associate Professor (Principal Investigator), “Detection of viral respiratory pathogen among the patients with lower respiratory tract infections at critical care unit of a tertiary care hospital of Bangladesh” শীর্ষক প্রকল্প, Department of Rheumatology, Bangabandhu Sheikh Mujib Medical University (BSMMU), Shahbag, Dhaka

২। আয়ন ও ব্যয়ন কর্মকর্তা/ হিসাবরক্ষণ কর্মকর্তা, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, ঢাকা

নং- ৩৯.০০.০০০০.০৯.০৬.৭৯.২০১৭/ Medi-S-249/

তারিখ: ০৬/১১/২০১৭

অনুলিপি:

- ১। মন্ত্রীর একান্ত সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, ঢাকা
- ২। সচিবের একান্ত সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, ঢাকা
- ৩। অতিরিক্ত সচিবের (বি: প্র:) ব্যক্তিগত কর্মকর্তা, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, ঢাকা
- ৪। অফিস কপি

ড. মো: গোলাম মোস্তফা
উপসচিব